প্রথম আলো

তারিখ ..27 APR 2016...
পৃষ্ঠা ... কলাম ...

# ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে ২৯ ও ৩০ এপ্রিল ক্যারিয়ার মেলা

নিজস্ব প্রতিবেদক ●

অনলাইন জব পোর্টাল চাকরি ডটকমের পৃষ্ঠপোষকতায় এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের আয়োজনে ২৯ ও ৩০ এপ্রিল গ্রিন রোডে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে ক্যারিয়ার মেলার আয়োজন করা হয়েছে। দুই দিনব্যাপী এই ক্যারিয়ার মেলায় চারটি ভিন্ন ভিন্ন ক্যারিয়ার-বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনার প্রতিদিন সকাল ১০টায় শুরু হয়ে চলবে বিকেল ৪টা পর্যন্ত। এটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থকবেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের উপাচার্য অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এবং বিশেষ অতিথি থাকবেন কথাসাহিত্যিক আনিসুল হকসহ আরও অনেকে।

ক্যারিয়ার মেলায় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশে প্রথম দিন কল সেন্টারে চাকরির সুযোগ ও বিপিও ইন্ডাস্ট্রি এবং সিভি লেখার কৌশল ও সাক্ষাৎকারের নানা দরকারি কৌশল নিয়ে ভিন্ন দুটি সেমিনারের আয়োজন করা হয়েছে। দ্বিতীয় দিন স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে তথ্যপ্রযুক্তি খাতে আইসিটির শিক্ষার্থী নয়, এমন তরুণদের চাকরির সুযোগ-সুবিধা ও নারীদের আইসিটি সেক্টরে নানা কাজের সুযোগ বিষয়ের ওপরে ভিন্ন দুটি সেমিনার হবে। সব সেমিনার শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত থাকবেন প্রথম আলোর যুব কর্মসূচির সমন্বয়ক মুনির হাসান, প্রথম আলো ডিজিটালের প্রধান পরিচালন কর্মকর্তা এহতারাম উদ্দিন এবং চাকরি ডটকমের হেড অব বিজনেস রেদওয়ান উল হক। সেমিনারের সহযোগী পার্টনার হিসেবে থাকছে *প্রথম আলোর* শুক্রবারের ক্রোড়পত্র চাকরিবাকরি।